গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০
উন্নয়ন শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০৫. ১৪.০০১.২৩-১৫১ তারিখঃ ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

**উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীনে নির্মিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য ১৮ জানুয়ারি ২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১/৩৬ নম্বর স্মারকের জারিকৃত পরিপত্র আংশিক সংশোধনক্রমে এই সংশোধিত পরিপত্র জারি করা হলো।

১। **উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটিঃ**

| ক্র:নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ২ | আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড | যুগ্ম আহবায়ক |
| ৩ | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৪ | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য-সচিব |

১.২ **আহবায়ক কমিটির দায়িত্ব ও কর্মপরিধিঃ**

(ক) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠিত কমিটি (আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড) এর কাছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অর্পিত দায়িত্ব উপজেলা নির্বাহী অফিসারগণ হস্তান্তর করবে;
(খ) কমপ্লেক্স ভবনের ব্যবহার, তদারকি ও মনিটরিং;
(গ) বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য নির্ধারিত স্থানের (দপ্তর ব্যতীত) যৌক্তিক ভাড়া/অগ্রিম নির্ধারণ; তবে স্থানীয় চাহিদার পরিপ্রেক্ষিতে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সুবিধাজনক যেকোনো তলায় বীর মুক্তিযোদ্ধাগণের দাপ্তরিক কর্মকান্ড পরিচালনা ও উপজেলার বীর মুক্তিযোদ্ধাগণের সম্মেলন কক্ষ এবং কারিগরি মতামত গ্রহণ সাপেক্ষে অন্য ২টি তলা বাণিজ্যিক কাজে ব্যবহার করা যাবে।
(ঘ) বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক নিয়মিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার নিশ্চিতকরণ;
(ঙ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত অফিস সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা নিশ্চিতকরণ;
(চ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের জন্য নিয়োগকৃত কর্মচারীগণের মানবসম্পদ ব্যবস্থাপনা ও কমপ্লেক্স ভবনের সার্বিক ব্যবস্থাপনা।

২। **নির্মাণাধীন ভবন হস্তান্তর ও রক্ষণাবেক্ষণঃ**

(ক) নির্মাণাধীন/নির্মিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন প্রকল্প পরিচালক কর্তৃক বর্ণিত কমিটির নিকট হস্তান্তর করা হবে;
(খ) ভবন রক্ষণাবেক্ষণ, তত্ত্বাবধান ও কারিগরি সহায়তা গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পাদিত হবে।

৩। **ভবন ভাড়া ও ব্যবহারঃ**

(ক) কমিটির সুবিধা অনুযায়ী মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১টি তলা কমিটির দাপ্তরিক কর্মকান্ড পরিচালনা ও জেলার বীর মুক্তিযোদ্ধাগণের সম্মেলন কক্ষ হিসেবে ব্যবহৃত হবে;
(খ) বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য অন্য ২টি তলার ভাড়া/অগ্রিম ধার্য কমিটি কর্তৃক নির্ধারিত হবে;

(গ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনটির সার্বিক তদারকি ও মুক্তিযোদ্ধাদের প্রতিষ্ঠান হিসেবে এর মর্যাদা অক্ষুন্ন রাখার দায়িত্ব আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড এর ওপর ন্যস্ত থাকবে। প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোনো কাজে ভবনটি ব্যবহার করা যাবে না;

(ঘ) কমিটি সময়ে সময়ে ভবনের ভাড়া বাস্তবতার নিরিখে পুন:নির্ধারণ করবে। ভাড়ায় ব্যবহৃত স্থাপনার (বিশেষত, দোকান) ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ ও অন্যান্য) সংশ্লিষ্ট ভাড়াটিয়াগণ বহন করবেন;

(ঙ) ভবন ভাড়া প্রতিযোগিতামূলকভাবে নির্ধারণ করতে হবে। কোনো অবস্থাতেই ভাড়াটিয়া চুক্তি অনুযায়ী নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে তা ব্যবহার করতে পারবে না এবং অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুনঃবরাদ্দ/ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না; এবং

(চ) কমিউনিটি সেন্টার/দোকান ভাড়া/বরাদ্দ প্রদান সম্পর্কিত নির্দেশনা ব্যতীত বিকল্প ব্যবহার/ভাড়া প্রদানের প্রয়োজন হলে কমিটির যৌক্তিকতা সম্বলিত সুপারিশ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

৪। **আর্থিক বিষয়ঃ**

(ক) কমিউনিটি সেন্টার ও দোকান বরাদ্দ/ভাড়া বাবদ উপার্জিত অর্থ থেকে কমপ্লেক্স ভবনের নিরাপত্তা ও ব্যবস্থাপনার কাজে নিয়োজিত জনবলের বেতন ভাতা এবং কমিটির দাপ্তরিক ও কমন কাজে ব্যবহৃত বিদ্যুৎ, পানি ও অন্যান্য ইউটিলিটি (যদি থাকে) বিল বাবদ অর্থ ব্যয়ের পর অবশিষ্ট অর্থের ৪০% ভবনের রক্ষণাবেক্ষণ, ২০% মুক্তিযুদ্ধ বিষয়ক প্রচার প্রচারণা ও বিভিন্ন দিবস পালন, ২০% ভবনের ভবিষ্যৎ উন্নয়নের জন্য সঞ্চয় এবং অবশিষ্ট ২০% স্থানীয় অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান খাতে ব্যয় হবে;

(খ) আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড কমিটি ভাড়ার অর্থ সংরক্ষণ করবে এবং উক্ত অর্থ ব্যয়/বিতরণের দায়িত্ব পালন করবে;

(গ) আদায়কৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার এবং আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড নামে যৌথ হিসাবে যেকোনো তফসিলি ব্যাংকে গচ্ছিত থাকবে। উপজেলা নির্বাহী অফিসার এবং আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড এর যৌথ স্বাক্ষরে ব্যাংক থেকে অর্থ বিল আকারে উত্তোলিত হবে;

(ঘ) আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড প্রতি বছর কমপ্লেক্স ভবনের আয়-ব্যয়ের হিসাব আবশ্যিকভাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে যা নিরীক্ষাযোগ্য হবে; এবং

(ঙ) আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড আর্থিক সাহায্য প্রদানের বিষয়টি চূড়ান্ত করবে।

৫। **ভবনের জনবলঃ**

আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড প্রতিটি মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রয়োজনবোধে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাৎসরিক চুক্তিভিত্তিক ১ জন তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর; ১ জন অফিস সহায়ক ও ১ জন গার্ড নিয়োগ করতে পারবে। আহবায়ক, উপজেলা এডহক কমিটি/কমান্ডার, নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড কাউন্সিল এর সদস্য বা তাদের পরিবারের কাউকে এ সকল পদে নিয়োগ করা যাবে না। তবে অন্য বীর মুক্তিযোদ্ধার পোষ্যগণ এ পদে নিয়োগের জন্য যোগ্যতাপূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত রেখে এ নিয়োগ/পুন:নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৬। নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড এর দায়িত্ব গ্রহণের পূর্ব পর্যন্ত আহবায়ক, উপজেলা এডহক কমিটি দায়িত্ব পালন করবে।

৭। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ক্ষেত্রে এ সংশোধিত পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এটি কার্যকর থাকবে।

৮) উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এ মন্ত্রণালয়ের ১৮ জানুয়ারি ২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১/৩৬ নম্বর স্মারকের জারিকৃত পরিপত্র এবং ০৫ জানুয়ারি ২০২২ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.১৪.৩৪৭.২১-০৩ তারিখের কমিটির সদস্যদের মৃত্যুজনিত কারণে পুনর্গঠিত কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

০৮/১/২০২৫


আবু জাফর রাশেদ
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৮৭৮৮


উপজেলা নির্বাহী অফিসার (সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/ববিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
২. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ৬২ পশ্চিম আগারগাঁও, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল)..................................।
৪. আহবায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা (পরিপত্র অনযায়ী উপজেলা কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য)।
৫. উপদেষ্টার একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. প্রকল্প পরিচালক, সকল উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ (১ম পর্যায়) প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ...........উপজেলা।
৯. সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১. অফিস কপি/মাস্টার কপি/গার্ড ফাইল।